

দৈনিক ইনকিলাব

তারিখ ১৯ ২০১১  
কাল

১৯ ২০১১

### বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের মে মাসের বেতনের সরকারী অংশ তোলার সময় বর্ধিত

তথ্য বিবরণী : বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি বেসরকারী এসএসসি (ডেভেলপমেন্ট) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক-কর্মচারীদের মে মাসের বেতন-ভাতার সরকারী অংশের টাকা তোলার সময়সীমা ১৫ আগস্ট উত্তীর্ণ হয়েছে। অনিবার্য কারণে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীগণ নির্ধারিত সময়ের মধ্যে বেতন-ভাতার সরকারী অংশের টাকা তুলতে পারেননি তাদের জন্য ২৯ আগস্ট পর্যন্ত সময়সীমা বর্ধিত করা হয়েছে। সংশ্লিষ্ট শাখা ব্যাংক হতে টাকা ওঠানোর জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বলা হয়েছে।  
যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী চলতি অর্থ বছরের বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে তুলতে পারেননি তাহাও ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে উক্ত সময়ের টাকা ও সাথে ওঠাতে পারবেন।